গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২১.০০.০০০০.৩০৯.১৪.০০৭.২০১৭-৪৩ তারিখ: ০১-০৭-২০১৮ খ্রিষ্টাব্দ।

**বিষয়: "ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ"- শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক বাস্তবায়িত "ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ"-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। আইএমই বিভাগ কর্তৃক প্রণীত উক্ত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যাবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৬ (ছয়) পাতা

০১-০৭-২০১৮

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক
ফোন: ০১৭১৭২৫৮৯৯৬

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, "ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ", পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
২। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৩। মহাপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**পরিদর্শনের তারিখ:** ০৭/০৪/২০১৮ খ্রী:

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম:** মো: মশিউর রহমান খান মিথুন **পদবী:** সহকারী পরিচালক **সেক্টর:** পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮

**ক. প্রকল্পের মৌলিক তথ্য:**

১. প্রকল্পের নাম: ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ।

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ।

৩.

৩ ১.অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): বাংলাদেশ সরকারের অনুদান।

৩ ২.উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.

৪ ১.উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

৪ ২.বাস্তবায়নকারী সংস্থা: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ১২০৯১.৬৩ | ১২০৯১.৬৩ | - | - | জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০১৮ | ০৯/০২/২০১৬ | - | - |
| প্রস্তাবিত ১ম সংশোধনী | ১৯৯৩৭.৫৬ | ১৯৯৩৭.৫৬ | - | - | জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০১৯ | - | ৭৮৪৫.৯৩ (৬৪.৮৯% ) | |

৬. প্রকল্প এলাকা:

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | রমনা থানা, বেইলী রোড | - | - |

৭.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** ১৯৯৭ সালের ২ ডিসেম্বর পার্বত্য শান্তি চুক্তি স্বাক্ষারের পর অনেক সরকারী দপ্তর/কার্যালয় পার্বত্য এলাকায় স্থাপিত হয়েছে, এ এলাকায় কাজের সুযোগ বেড়েছে, পার্বত্যবাসীর জীবন মানের উন্নয়ন হয়েছে। ঢাকা ও অন্যান্য শহরে পার্বত্যবাসীর চলাচলও বেড়ে গেছে। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক কাউন্সিল চেয়ারম্যান, পার্বত্য জেলা কাউন্সিল চেয়ারম্যান, সার্কেল প্রধান, আঞ্চলিক ও জেলা কাউন্সিলের সদস্যগণ বিভিন্ন অনুষ্ঠানে ঢাকা আসেন। কিন্তু তাদের অবস্থানের জন্য নিজস্ব কোন কমপ্লেক্স নেই। তাছাড়া পর্যটনের প্রসারের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রামের সৌন্দর্য ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য তুলে ধরার জন্য এবং পার্বত্যবাসীর সাথে সমতলের অধিবাসীদের মেল বন্ধন ঘটানোর জন্র ঢাকা শহরে কোন সুনির্দিষ্ট স্থান নেই। এ অবস্থা হতে পরিত্রাণের জন্য ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ১২০৯১.৬৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮. **প্রকল্পের উদ্দেশ্য:**

- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থার মধ্যে দুত সমন্বয় সাধন;
- পার্বত্য অঞ্চলের বিভিন্ন নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্য, সামাজিক রীতি নীতি,ভাষা, ধর্ম এবং আচরণগত স্বতন্ত্রতা সর্ম্পকে বাংলাদেশের বেশীর ভাগ মানুষকে পরিচিত করে তোলা;
- বিভিন্ন জাতীয় ও অন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক উন্নয়নে টেকসই যোগাযোগ ব্যবস্থা স্থাপন;

## • খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৯. **প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি:**

•

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অঙ্গের নাম | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর/২০১৭ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | | | | |
| | কন্সালটেন্ট নিয়োগ | ১২.৬০ | থোক | ১২.৬০ | ১০০% | - | - | - | - |
| | **গাড়ি ভাড়া** | ২১.৬০ | থোক | ২১.৬০ | ১০০% | - | - | - | - |
| | মুদ্রণ ও প্রকাশনা | ৩২.৫০ | থোক | ৩২.৫০ | ১০০% | - | - | - | - |
| | ষ্টেশনারী | ৬.০০ | থোক | ৬.০০ | ১০০% | - | - | - | - |
| | প্রচার ও বিজ্ঞাপন | ১০.০০ | থোক | ১০.০০ | ১০০% | - | - | - | - |
| | সম্মানী | ৭.০০ | থোক | ৭.০০ | ১০০% | - | - | - | - |
| | অন্যান্য ব্যয় | ৫.০০ | থোক | ৫.০০ | ১০০% | | | | |
| | **উপ-মোট:** | ৯৪.৭০ | | ৯৪.৭০ | | | | | |
| | **(খ) মুলধন খাতঃ** | | | | | | | | |
| ২। | কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি | ২.৫০ | | - | - | - | - | - | - |
| | অফিস মালামাল | ৩.০০ | | - | - | - | - | - | - |
| | ফার্নিচার | ১৫৬.৩০ | ০১টি | - | - | - | - | - | - |
| | ফাংসনাল ও প্রশাসনিক ভবন এবং মাল্টিপারপাস হল | ৬০১৬.২৯ | ০১টি | ১৩৩৭.৩০ | ১৫% | ৪৩৫০.০০ | ৭২% | ২৪১১.৮১ | ৬৫% |
| | প্লাজা ও এম্পিথিয়েটার | ৮৫২.০৯ | - | - | - | ৩০.০০ | ৩.৫% | - | - |
| | সুবিনিয়র সপ | ৯১.৬৩ | - | - | - | ২০.০০ | ২২% | - | - |
| | মন্ত্রীর বাসভবন | ৪৯৯.০৬ | - | - | - | ২০০.০০ | ৪০% | ৯৬.৫০ | ১৩.৩৩% |
| | চেয়ারম্যানের বাসভবন | ৪৯৯.০৬ | - | - | - | ২০০.০০ | ৪০% | ৬০.০০ | ১২.০২% |
| | ডরমেটরি | ৬৬০.২৮ | - | - | - | ২০০.০০ | ৩০% | ১৪৫.০০ | ২২% |
| | বহি:স্থ পানি সরবরাহ ব্যবস্থা | ২২৪.৭৮ | - | - | - | - | - | - | - |
| | বহি:স্থ ইলেক্ট্রিফিকেশন | ১৬২১.৪৫ | - | - | - | - | - | - | - |
| | অন্যান্য নির্মাণ | ৭৯৪.৭০ | - | - | - | - | - | - | - |
| | **উপ-মোট মুলধনঃ** | ১১৫১৫.৮৪ | - | ১৪৩২.০০ | | ৫০০০.০০ | | ২৭১৩.৩১ | |
| ৩। | (গ) ফিজিক্যাল কনটিনজেন্সী | ২৩০.৩২ | - | - | - | - | - | - | - |
| ৪। | (ঘ) প্রাইস কনটিনজেন্সী | ৩৪৫.৪৮ | - | - | - | - | - | - | - |
| | **সর্বমোট (ক+খ+গ+ঘ)** | ১২০৯১.৬৩ | ১০০% | ১৪৩২.০০ | ১৫% | ৫০০০.০০ | | ২৮০৮.০১ | ৪৩% |

• **তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১০. **অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকা)

| মোট প্রকল্প ব্যয় | অর্থবছর | অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি'তে আর্থিক সংস্থান | এডিপি/আরডিপিপি'র বরাদ্দ | ছাড়কৃত অর্থের পরিমান | ব্যয়িত অর্থের পরিমান | অব্যয়িত অর্থ সমর্পন সংক্রান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ২০১৫-২০১৬ | ৬৮.৮৪ | - | - | - | - |
| ১২০৯১.৬৩ | ২০১৬-২০১৭ | ৭০২৯.৬৩ | ২০০০.০০ | ১৫০০.০০ | ১৪৩২.০০ | |
| | ২০১৭-২০১৮ | ৪৯৯৩.১৭ | ১০০০০.০০ | ৫০০০.০০ | ২৮০৮.০১ | |
| **সর্বমোট:** | | ১২০৯১.৬৩ | **১২০০০.০০** | **৬৫০০.০০** | **৪২৪০.০১** | |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

উপরের সারণী হতে দেখা যায়, তিন বছরের জন্য নির্ধারিত মূল ডিপিপি'র সংস্থানকৃত অর্থের সমুদয় অর্থ বরাদ্দ প্রদান করা হয় যার মধ্যে ছাড়কৃত অর্থের পরিমাণ ৬৫০০.০০ লক্ষ টাকা। ছাড়কৃত এ অর্থের মধ্যে মে ২০১৮ পর্যন্ত ব্যয় করা সম্ভব হয়েছে ৪২৪০.০১ লক্ষ টাকা। প্রকল্পটির মেয়াদকাল জুন ২০১৮ পর্যন্ত নির্ধারিত রয়েছে। সার্বিকভাবে প্রকল্পটির বাস্তব অগ্রগতি মন্থর মর্মে প্রতীয়মান হয়। বর্তমানে প্রকল্পটির প্রস্তাবিত ১ম সংশোধনী পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে।

১১. **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:** সার্বিকভাবে প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৪২৪০.০১ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৫.০৬% এবং বাস্তব অগ্রগতি ৩৮.২৭%।

১২. **পরিদর্শন:** গত ০৭/০৪/২০১৮ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ” শীর্ষক প্রকল্পটির কার্যক্রমসমূহ সরেজমিনে পরিদর্শন পর্যবেক্ষণের পাশাপাশি প্রকল্পটির নির্মাণ সামগ্রীর গুণগতমান পরীক্ষার জন্য রড়, পাথর, বালি ও ইটের নমুনা সংগ্রহ করা হয়। প্রকল্পটি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর যৌথভাবে বাস্তবায়ন করছে। পরিদর্শনকালে গণপূর্ত অধিদপ্তর এর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহযোগিতা করেছেন। প্রকল্পটি মূলত: নির্মাণধর্মী। অর্পিত দায়িত্ব হিসেবে নির্মাণ কাজ বাস্তবায়ন করছে গণপূর্ত অধিদপ্তর। পরিদর্শিত ভবনসমূহের বাস্তবায়ন এবং অন্যান্য বিবরণ নিম্নরূপ:

১২.১ **বাস্তবায়ন পর্যায়ে একনেক/পিইসি/প্রশাসনিক মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ব্যত্যয় ঘটিয়ে অবকাঠামো নির্মাণ:** পরিদর্শনে প্রাপ্ত তথ্যসহ অন্যান্য তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, দরপত্র “মূল্যায়ন কমিটি ও কারিগরী সাব-কমিটির” কার্যবিবরণীসহ সুপারিশ, সুপারিশ অনুমোদন, চুক্তিপত্র, কার্যাদেশপত্র ইত্যাদির কোথাও অনুমোদিত কাজের পরিমাণ এবং চুক্তিভূক্ত উপ-খাতসমূহের মূল্যবৃদ্ধির পরিমাণ উল্লেখ করা হয়নি, যা অত্যন্ত সু-কৌশলে এড়িয়ে যাওয়া হয়েছে। অধিকাংশ ক্রয় প্রক্রিয়া বাস্তবায়নের সময় ভবনের ভিত প্রস্তাব মত না রেখে হ্রাস করা, চুক্তি স্বাক্ষরের পর বাস্তবায়ন প্রক্রিয়ায় পরিবর্তন, অনুমোদিত ডিপিপি’র নির্মাণ কাজ ও বাস্তবায়ন ব্যত্যয় সংক্রান্ত তুলনামূলক চিত্র নিম্নে দেয়া হ’ল:

| ডিপিপি’র মুল কার্যক্রম | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| প্রশাসনিক **ভবন** ও মাল্টিপারপাস হল **নির্মাণ** (অভ্যন্তরীন পয়নিষ্কাশন, পানি সরবরাহ ও বিদ্যুতায়নসহ অন্যান্য কাজ):<br>(ক) ৮ তলা ফাউন্ডেশনে ৬ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) প্লিন্থ এরিয়া (ফাউন্ডেশনসহ): ৫৬৭১.৫৯ স্কয়ার মিটার | (ক) ৮ তলা ফাউন্ডেশনে ৬ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) ৫১২৬.৮৬ স্কয়ার মিটার (৫৪৪.৭৩ স্কয়ার মিটার কম) | প্রকল্পটি ডিপিপি প্রাক্কলন প্রোটোটাইপ ধরে করায় বাস্তবায়ন পর্যায়ে কিছুটা হ্রাস/বৃদ্ধি হয়েছে যা বর্তমানে প্রস্তাবিত ১ম সংশোধনীতে উল্লেখ করা হয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। |
| মন্ত্রীর বাসভবন নির্মাণ (অভ্যন্তরীন পয়নিষ্কাশন, পানি সরবরাহ ও বিদ্যুতায়নসহ অন্যান্য কাজ):<br>(ক) ২ তলা ফাউন্ডেশনে ২ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) প্লিন্থ এরিয়া (ফাউন্ডেশনসহ): ১১৫১.০৯ স্কয়ার মিটার | (ক) ২ তলা ফাউন্ডেশনে ২ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) ১০৭৩.৭৯ স্কয়ার মিটার (৭৭.৩০ স্কয়ার মিটার কম) | |
| চেয়ারম্যানের বাসভবন নির্মাণ (অভ্যন্তরীন পয়নিষ্কাশন, পানি সরবরাহ ও বিদ্যুতায়নসহ অন্যান্য কাজ):<br>(ক) ২ তলা ফাউন্ডেশনে ২ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) প্লিন্থ এরিয়া (ফাউন্ডেশনসহ): ১১৫১.০৯ স্কয়ার মিটার | (ক) ২ তলা ফাউন্ডেশনে ২ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) ১০৭৬.৭৯ স্কয়ার মিটার (৭৪.৩০ স্কয়ার মিটার কম) | |
| স্যুটস এবং ডরমেটরীস নির্মাণ (অভ্যন্তরীন পয়নিষ্কাশন, পানি সরবরাহ ও বিদ্যুতায়নসহ অন্যান্য কাজ):<br>(ক) ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) প্লিন্থ এরিয়া (ফাউন্ডেশনসহ): ১৭৭৩.২৩ স্কয়ার মিটার | (ক) ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা পর্যন্ত ভবন নির্মাণ<br>(খ) ১৩৫৬.৫০ স্কয়ার মিটার (৪১৬.৭৩ স্কয়ার মিটার কম) | |

১৩. (ক) ডিপিপি তে মোট প্যাকেজ সংখ্যা: ১০টি

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্যাকেজ (১,২,৩...) | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| ১ | ১৬/০৮/২০১৬ | ০৮/০১/২০১৭<br>৫৯৪৪.৪৭ | - | - | - |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| - | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ২০/০৯/২০১৬ খ্রি: হতে অদ্যাবধি | অতিরিক্ত | না | - |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১৫. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়।

১৬. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: অডিট আপত্তি নাই।

১৭. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত: অনুষ্ঠিত হয়নি।

১৮. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে): প্রযোজ্য নয়।

## গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত

১৯. (ক) **পরিদর্শনকৃত এলাকা:** বেইলী রোড, ঢাকা।

(খ) **পরিদর্শনের উদ্দেশ্য :** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ"-শীর্ষক প্রকল্পটির প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি এবং নির্মাণ সামগ্রীর গুণগতমান পরীক্ষার জন্য রড়, পাথর, বালি ও ইটের নমুনা সংগ্রহ করা।

২০. **পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:**

ক. **অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন:** প্রকল্পটির অঙ্গভিত্তিক কার্যক্রম ডিপিপি'র সংস্থান অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে।

খ. **পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:** পরিদর্শনের সময় ক্রয়কৃত প্যাকেজসমূহের নথিপত্র পর্যালোচনা করে দেখা যায়-ক্রয়কৃত প্যাকেজসমূহের ক্রয় সংগ্রহ প্রক্রিয়া প্রচলিত বিধি অনুসরণ করে সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

গ. **গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):** নির্মাণ সামগ্রীর গুণগতমান পরীক্ষার ফলাফল পাওয়া গেছে।

- সম্পাদিত কাজ:
- ব্যবহৃত পণ্য/ উপকরণ:

ঘ. **সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে):** পরিদর্শনের সময় নির্মাণ কাজের অগ্রগতির সাথে পরিমাপ বইয়ের (Measurement Book) তথ্যাদি যাচাই করা হয়। যাচাইকালে দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী জানান যে, নিয়ম/বিধি অনুযায়ী যথাসময়েই পরিমাপ বই হালনাগাদ করা হয়। নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি এবং পরিমাপ বইয়ে প্রতিফলিত তথ্যাদি সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

ঙ. **বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):**

চ. **সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):**

ছ. **অন্যান্য বিষয় (যদি থাকে):** প্রযোজ্য নয়।

২১. **সার্বিক পর্যবেক্ষণ:**

**২১.১ স্যুটস এবং ডরমেটরী ভবন, চেয়ারম্যান ও মিনিস্টারস রেসিডেন্স ভবন নির্মাণ:** যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিরেকে মূল প্রকল্প প্রস্তাবের ব্যত্যয় ঘটিয়ে হোস্টেল ভবনের নির্মাণ কাজ করা, অনুমোদিত বাস্তব কাজের পরিধি ও পরিমাপ হ্রাসসহ Scope এবং Design পরিবর্তন, **চুক্তি সম্পাদন এবং অর্থ ব্যয় করা হয়েছে** যা উন্নয়ন পরিকল্পনা ও আর্থিক শৃঙ্খলার পরিপন্থি।

- **উল্লেখ্য, বর্ণিত ভবন ৩টির অনুমোদিত অংশ হতে হ্রাস করে যে অংশ চুক্তি করা তার প্রাক্কলন এবং হ্রাসকৃত অংশের ডিপিপির প্রাক্কলনে যে আর্থিক সংস্থান রাখা হয়েছিল সে হিসেবে হ্রাসকৃত অংশের মূল্য প্রস্তাবিত ১ম সংশোধনীতে প্রদর্শন করা হয়নি (পরিমাপ ও আর্থিক তথ্যাদি অনুচ্ছেদ-১২.১ দেখা যেতে পারে)**
- উন্নয়ন প্রকল্পের অর্থ ব্যয় একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রকল্পের ভৌত অগ্রগতির সাথে সামঞ্জস্য রেখে অর্থ ব্যয় করা, উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে ও অনুমোদিত ব্যয়সীমার মধ্যে বাস্তবায়ন করার গুরুত্বপূর্ণ নির্দেশনা থাকলেও বর্ণিত ৩টি ভবন নির্মাণে তা প্রতিপালন করা হয়নি।

**২১.২ অনুমোদিত ডিপিপি'র সংস্থান ও এডিপি বরাদ্দের মধ্যে সমন্বয়হীনতা:** প্রকল্প দলিলে অংগ ভিত্তিক কাজের লক্ষ্যমাত্রা ও ব্যয় বিভাজন ছাড়াও বিভিন্ন কাজের ট্রিপিক্যাল ডিজাইন প্রদর্শিত আছে। প্রকল্প ছকে যে প্রকিউরমেন্ট প্ল্যান অন্তর্ভুক্ত আছে তাতে পূর্ত কাজসমূহ বাস্তবায়নের প্রস্তাব এবং তদনুসারে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। কোন বছরই প্রকল্পটির ডিপিপি'র সংস্থানকৃত অর্থ বরাদ্দ প্রদান করা সম্ভব হয়নি। ফলে যেমন যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করা সম্ভব হয়নি তেমনি সময় ও মূল্যবৃদ্ধির কারণে ব্যয় অতিক্রান্তি ঘটেছে। যার ফলে প্রকল্প সংশোধন করে প্রাক্কলিত ব্যয় ও সময় বৃদ্ধি করতে হয়েছে। এডিপি'র মাধ্যমে অর্থায়নের ক্ষেত্রে পরিকল্পিত কর্মসূচীর সাথে প্রায় কোন ক্ষেত্রেই সামঞ্জস্যতা রক্ষা করা সম্ভব হয়নি।

**২১.৩ ক্রয় প্রক্রিয়া ও অগ্রগতির প্রতিবেদনে গুরুত্বপূর্ণ তথ্যাদি সন্নিবেশ না করা:** দরপত্র "মূল্যায়ন কমিটি ও কারিগরী সাব-কমিটির" কার্যবিবরণীসহ সুপারিশ, সুপারিশ অনুমোদন, চুক্তিপত্র, কার্যাদেশপত্র ইত্যাদির কোথাও অনুমোদিত কাজের পরিমাণ এবং চুক্তিভূক্ত উপ-খাতসমূহের মূল্যবৃদ্ধির পরিমাণ উল্লেখ করা হয়নি, যা অত্যন্ত সু-কৌশলে এড়িয়ে যাওয়া হয়েছে। যেমন- একক ক্রয় কার্যক্রম বিভক্ত (Split up) করা, ভবনের ভিত প্রস্তাব মত না রেখে হ্রাস করা, চুক্তি স্বাক্ষরের পর বাস্তবায়ন প্রক্রিয়ায় পরিবর্তন, চুক্তি সম্পাদন ও অর্থ ব্যয় ইত্যাদি।

২১.৪ **মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ না করাঃ** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির তথ্য আইএমইডি'র ছক-০৫ ও ছক-০৩ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় থেকে আইএমইডি'তে নিয়মিত ভাবে প্রেরণ করা হয় না । ফলে বিভিন্ন সময়ে জাতীয় সংসদ, একনেকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দফতরের চাহিদামত তথ্য সরবরাহে সমস্যার সম্মুখীন হতে হয়।

২২. **সুপারিশ:**

২২.১ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত ডিপিপি সংস্থানের বিপরীতে কাজের পরিধি ও পরিমাপ হ্রাস করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রাপ্ত তথ্য আইএমইডি'কে অবহিত করবে;

২২.২ ক্রয় পরিকল্পনায় ভৌত ও নির্মাণ কাজের একক প্যাকেজ নির্ধারিত থাকলেও তা বিভক্ত করে ভবনসমূহের দরপত্র আহবানসহ চুক্তি সম্পাদন করা হয়েছে, যা সমীচীন হয়নি। একক প্যাকেজ split-up (বিভক্ত) করার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে কি না তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা আইএমইডি'কে অবহিত করতে হবে;

২২.৩ চলতি অর্থবছরের সমুদয় অর্থ ব্যয়িত হলেও মোট ব্যয়ের ৬৪.৯৪% অর্থ অব্যয়িত থাকবে। এ প্রেক্ষিতে প্রকল্পটির আর্থিক অগ্রগতি অত্যন্ত মন্থর হিসেবে প্রতীয়মান হচ্ছে। প্রয়োজনীয় এডিপি বরাদ্দের পাশাপাশি মনিটরিং ব্যবস্থা জোরদার করে Work Breakdown Structure (WBS) সংশোধন পূর্বক কর্মপরিকল্পনা নতুন করে প্রণয়ন করতে হবে যাতে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করা সম্ভব হয়;

২২.৪ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবশিষ্ট অর্থ বরাদ্দ নিশ্চিতসহ কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন করতে হবে এবং কর্মপরিকল্পনা মোতাবেক Critical Path Method অনুসরণ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২২.৫ প্রকল্পের সুফল নিশ্চিত করার জন্য একটি পরিপূর্ণ Exit Plan প্রণয়নে এখন হতে সচেষ্ট হতে হবে এবং Exit Plan এর কপি আইএমইডিকে সরবরাহ করতে হবে;

২২.৬ প্রকল্পটির অগ্রগতি সংক্রান্ত আইএমইডি-০৫ এবং ০৩ ফরমেট অনুযায়ী তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

২২.৭ সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

০২-০৭-২০১৮

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক